DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 14 Sep 2026, 01:46 PM

আন্তর্জাতিক

# চীনে জাহাজে ভয়াবহ অগ্নিকাণ্ড, ২৫ জনের প্রাণহানি

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক
প্রকাশের তারিখ: শনিবার, ১২ সেপ্টেম্বর ২০২৬, ০৯:১০ PM



পূর্ব চীনের কিংদাও শহরের একটি শিপইয়ার্ডে বিদেশি পতাকাবাহী কার্গো জাহাজে ভয়াবহ অগ্নিকাণ্ডে অন্তত ২৫ জন নিহত হয়েছেন।

বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) সকালে কিংদাও বেইহাই শিপইয়ার্ডে মেরামত ও পরিদর্শনের কাজ চলার সময় এই দুর্ঘটনা ঘটে।

চীনা রাষ্ট্রীয় গণমাধ্যম সিনহুয়া জানায়, স্থানীয় সময় সকাল ১১টা ১৫ মিনিটে মেরামতকালে ওশান মেলোডি নামের ড্রাই বাল্ক ক্যারিয়ার জাহাজটিতে আগুনের সূত্রপাত হয়। এ সময় কাজের দায়িত্বে থাকা ৪২ জনের মধ্যে ১২ জনকে উদ্ধার করা সম্ভব হলেও আহত পাঁচজনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। অগ্নিকাণ্ডের পর দুপুরের আগেই আগুন নিয়ন্ত্রণে আনেন ফায়ার সার্ভিস কর্মীরা।

ঘটনার পর চীনের প্রেসিডেন্ট শি জিনপিং তল্লাশি ও উদ্ধার অভিযান জোরদারের নির্দেশ দিয়েছেন। পাশাপাশি দ্রুত তদন্ত এবং দায় নির্ধারণেরও নির্দেশ দেন তিনি।

এলএসইজির জাহাজ চলাচল পর্যবেক্ষণসংক্রান্ত তথ্য অনুযায়ী, এটি লাইবেরিয়ার পতাকাবাহী ড্রাই বাল্ক ক্যারিয়ার। জাহাজটি পরিচালনার দায়িত্বে রয়েছে ইউইয়াংকুনপেং সাংহাই শিপ ম্যানেজমেন্ট এবং নিবন্ধিত মালিক হিসেবে তালিকাভুক্ত রয়েছে হুইলি শিপিং কোম্পানি

লিমিটেড।

এলএসইজির তথ্য অনুযায়ী, গত ৩১ আগস্ট কিংদাও শিপইয়ার্ডে পৌঁছায় জাহাজটি। এরপর থেকে এটি সেখানেই ছিল।

---

## এ বিভাগের আরও খবর



**রাশিয়া-ইউক্রেন যুদ্ধে এ পর্যন্ত ৫ লাখ রাশিয়ার নাগরিক নিহত হয়েছে: যুক্তরাজ্যের সেনাপ্রধান**
রাশিয়া-ইউক্রেন যুদ্ধের শুরু থেকে এ পর্যন্ত প্রায় সাড়ে চার বছরে রুশ শিবিরে নিহত হয়েছেন প্রায় ৫ লাখ মানুষ। এই নিহতদের মধ্যে সামরিক ও বেসামরিক...



**মধ্যপ্রাচ্যে উত্তেজনায় তেলের দাম ছাড়াল ১০৭ ডলার**
মধ্যপ্রাচ্যে চলমান উত্তেজনার প্রভাবে আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম আবারও বেড়েছে। সোমবার আন্তর্জাতিক মানদণ্ড ব্রেন্ট ক্রুডের দাম ব্য...



**মধ্যপ্রাচ্যে আগ্রাসন ও একতরফা শুল্ক আরোপে নিন্দা ব্রিকসের নেতাদের**
জাতিসংঘ নিরাপত্তা পরিষদের (ইউএনএসসি) কাঠামোগত পরিবর্তন-সহ বহুপক্ষীয় সংস্থাগুলোর সংস্কারের জোর দাবি জানিয়েছেন ব্রিকসের শীর্ষ নেতারা। পাশাপা...



**২৪০ যাত্রী নিয়ে জাভা সাগরে নিখোঁজ জাহাজ**

ইন্দোনেশিয়ার পূর্ব জাভা থেকে বোর্নিও দ্বীপের দক্ষিণ কালিমন্তানের পথে ২৪০ যাত্রী নিয়ে একটি যাত্রীবাহী জাহাজের যোগাযোগ বিচ্ছিন্ন হয়েছে। রবিবার...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/international/chine-jahaje-bhyabh-ognikand-25-jner-pranhani